ঝিনাইদহে নানা আয়োজনে বড়দিন উদযাপন

ব্যাপক উৎসাহ-উদ্দীপনা ও ধর্মীয় ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে নানা আয়োজনে ঝিনাইদহে খ্রিস্টান সম্প্রদায়ের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব শুভ বড়দিন উদযাপিত হয়েছে।

আজ বুধবার (২৫ডিসেম্বর) সকালে কালীগঞ্জ উপজেলার ব্যাপিষ্ট চার্চে প্রার্থনার মধ্য দিয়ে শুরু হয় আনুষ্ঠানিকতা। পরে পবিত্র বাইবেল থেকে আলোচনা ও প্রার্থনা করা হয়।

প্রার্থনা করেণ রেভারেষ্ট হেনরী প্রদীপ বৈদ্য। পরে কেক কেটে বড় দিনের অনুষ্ঠান পালন করা হয়। এছাড়াও দিনব্যাপী কীর্তনের পাশাপাশি ধর্মীয় গানের আসর অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা প্রেস ক্লাবের প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপনে নানা আয়োজন

আলোচনা সভা, পিঠা উৎসব ও সম্মাননা স্মারক প্রদানের মধ্য দিয়ে মেহেরপুর জেলা প্রেসক্লাবের প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপিত হয়েছে। গতকাল সোমবার বিকালে মেহেরপুর জেলা প্রেসক্লাব কার্যালয়ে আনুষ্ঠানিক ভাবে ক্লাবটির ৮ম বর্ষে পদার্পণ উদযাপন করা হয়। এ সময় আলোচনা সভা ও পিঠা উৎসবের পাশাপাশি ২০২৪ সালে মেহেরপুর জেলার সাংবাদিকতায় অবদান রাখার স্বীকৃতি স্বরূপ দিলরুবা খাতুন ও খান মাহমুদ আল রাফিকে সম্মাননা স্মারক প্রদান করা হয়।

জেলা প্রেস ক্লাবের সদস্যদের উপস্থিতিতে অনুষ্ঠিত আলোচনা সভায়, ক্লাবটির সাধারণ সম্পাদক মাহাবুব চান্দুর সঞ্চালনা ও সভাপতি তোজাম্মেল আযমের সভাপতিত্বে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন

মেহেরপুর সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ অধ্যাপক আব্দুল্লাহ আল আমিন, সাংস্কৃতিক ব্যক্তিত্ব ও জেলা শিল্পকলা একাডেমির সাবেক সাধারণ সম্পাদক আনোয়ারুল হক কালু, মুজিবনগর উপজেলা সমবায় কর্মকর্তা মাহবুবুল হক মন্টু এবং জিনিয়াস ল্যাবরেটরি স্কুলের পরিচালক আল আমিন ইসলাম বকুল।

অতিথির বক্তব্যে অধ্যাপক আব্দুল্লাহ আল আমিন বলেন, এই সংগঠনটির সাথে আমার সম্পর্ক দীর্ঘদিনের। বর্তমান সমাজে সাংবাদিকতা খুবই চ্যালেজ্ঞিং পেশা। যে সমাজে গণতন্ত্র থাকে না,যে সমাজ দারুণভাবে অসুস্থ, সেই সমাজে আসলে মুক্ত চিন্তা ও সাংবাদিকতার চর্চা করা প্রচন্ড চ্যালেঞ্জিং। বিগত সময়ে অনেক চ্যালেঞ্জ মোকাবেলা করে এই প্রেস ক্লাব নিজ অবস্থানে তৈরি করেছে। আগামীতেও সকল চ্যালেঞ্জ মোকাবেলা করে মেহেরপুর জেলা প্রেসক্লাব তার অবস্থান ধরে রাখবে সেই প্রত্যাশা করছি।’ এ সময় তিনি গণমাধ্যম কর্মীদের আরও বস্তুনিষ্ঠ ও মানসম্মত খবর পরিবেশন করার আহ্বান জানান।

অন্যান্য অতিথিরা তাদের বক্তব্যে জেলা প্রেসক্লাবের সার্বিক কর্মকাণ্ডে সন্তোষ প্রকাশ করেন। বিগত সরকারের সময়ে মেহেরপুর জেলা প্রেসক্লাব সদস্যদের বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশনের ক্ষেত্রে নির্ভীক ভূমিকার কথা উল্লেখ করে অতিথিরা সংবাদ কর্মীদের ভূয়সী প্রশংসা করেন।

আলোচনা সভা শেষে জেলার সাংবাদিকতায় অবদান রাখার স্বীকৃতি স্বরূপ কালবেলার জেলা প্রতিনিধি খান মাহমুদ আল রাফি ও বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস) এর জেলা প্রতিনিধি দিলরুবা খাতুন কে সম্মাননা স্মারক প্রদান করা হয়। অতঃপর পিঠা উৎসব উদযাপন করা হয়।

ঝিনাইদহে আন্তর্জাতিক অভিবাসী ও জাতীয় প্রবাসী দিবস উদযাপন

‘প্রবাসীর অধিকার, আমাদের অঙ্গীকার, বৈষম্যহীন বাংলাদেশ, আমাদের সবার’ এ শ্লোগানে ঝিনাইদহে আর্ন্তজাতিক অভিবাসী ও জাতীয় প্রবাসী দিবস উদযাপন করা হয়েছে।

জেলা প্রশাসনের আয়োজনে আজ বুধবার সকালে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে থেকে একটি র্যালী বের করা হয়। র্যালিটি বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে এসে শেষ হয়। পরে জেলা প্রশাসকের সম্মেলনে কক্ষে দিবসটি উপলক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়।

এতে জেলা প্রশাসক মোহাম্মদ আব্দুল আওয়াল, স্থানীয় সরকারের উপ-পরিচালক রথীন্দ্রনাথ রায়, অতিরিক্ত জেলা প্রশাসক বকুল চন্দ্র কবিরাজ, টিটিসির অধ্যক্ষ রুস্তম আলীসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা, সঠিক নিয়ম মেনে ও প্রশিক্ষণ গ্রহণ করে প্রবাসীদের বিদেশে যাওয়ার আহবান জানান। সেই সাথে প্রবাসীদের অধিকার রক্ষায় সরকারের সংশ্লিষ্ট দপ্তরের আরও ভালোভাবে কাজ করার আহবান জানান।

কুষ্টিয়ায় বর্ণাঢ্য আয়োজনে বিজয় দিবস উদযাপন

কুষ্টিয়ায় বর্ণাঢ্য আয়োজনে মহান বিজয় দিবস উদযাপিত হচ্ছে। আজ সোমবার (১৬ডিসেম্বর) প্রথম প্রহরে সূর্য উদয়ের সঙ্গে সঙ্গে মুক্তিযুদ্ধের স্মারক অঙ্গীকারে ফুল দিয়ে শ্রদ্ধা জানান সর্বস্তরের মানুষ।

কুষ্টিয়া কালেক্টরেট চত্বরে জেলা প্রশাসনের পক্ষ থেকে ৩১বার তোপধ্বনির মাধ্যমে দিনটির শুভ সুচনা করা হয়।

এ সময় জেলা প্রশাসক তৌফিকুর রহমান, পুলিশ সুপার মিজানুর রহমানসহ মুক্তিযোদ্ধা সংসদ, বিভিন্ন রাজনৈতিক দল, সামাজিক-সাংস্কৃতিক বিভিন্ন সংগঠনসহ সর্বস্তরের মানুষ মহান মুক্তিযুদ্ধের স্মারক অঙ্গীকারে ফুলেল শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন।

প্রথম প্রহরে জেলা প্রশাসনের পক্ষ থেকে জেলা প্রশাসক মোঃ তৌফিকুর রহমান, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোছাঃ শারমিন আক্তার, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) আব্দুল ওয়াদুদ, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট মোঃ জাহাঙ্গীর আলমসহ জেলা প্রশাসনের

অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

পরে পর্যায়ক্রমে কুষ্টিয়া জেলা পুলিশের পক্ষে পুলিশ সুপার মিজানুর রহমানসহ অন্যান্য কর্মকর্তাগন শ্রদ্ধাঞ্জলি জানান। এসময় মুক্তিযোদ্ধাদের ব্যানারে জেলা প্রশাসক ও পুলিশ সুপার অংশ গ্রহণ করেন। ফুলেল শ্রদ্ধাঞ্জলি শেষে বীর মুক্তিযোদ্ধাদের সম্মাননা প্রদান করে সালাম জানান।

এছাড়াও সকল শহীদদের আত্মার মাগফিরাত কামনা করে দোয়া করা হয়।

সকাল ৮টায় কুষ্টিয়া জেলা প্রশাসক কার্যালয়ের সামনে আনুষ্ঠানিকভাবে পতাকা উত্তোলন করা হয়।

এদিকে কালেক্টরেট চত্বরে জেলা প্রশাসনের আয়োজনে দিনব্যাপী বিজয় মেলার উদ্বোধন করেন জেলা প্রশাসক মো: তৌফিকুর রহমান। বিকেল ৪টায় রয়েছে আলোচনা সভা ও পুরস্কার বিতরণ।

মেহেরপুরে জাতীয় স্যানিটেশন মাস উদযাপন

“স্বাস্থ্য সুরক্ষায় পরিষ্কার হাত সর্বদা গুরুত্বপূর্ণ” এই প্রতিপাদ্য মেহেরপুরে জাতীয় স্যানিটেশন মাস ২০২৪ উপলক্ষে বর্ণাঢ্য র্যালির আয়োজন করা হয়েছে।

মেহেরপুর পৌরসভার আয়োজনে বুধবার (৩০ অক্টোবর) সকাল সাড়ে ৯ টার দিকে পৌর সভা চত্বর হতে ব্যানার ফেস্টুন নিয়ে একটি বর্ণাঢ্য র্যালি বের হয়। র্যালিটি শহরের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে এসে শেষ হয়।

প্রতিপাদ্য বিষয়ের উপর গুরুত্বারোপ করে স্থানীয় সরকারের উপপরিচালক ও পৌর প্রশাসক মোঃ শামীম হোসেন প্রধান অতিথির বক্তব্য দেন।

তিনি বলেন, সুস্থ জীবনযাপন করতে, নিজেকে রোগমুক্ত রাখতে আমাদের

পরিষ্কার-পরিচ্ছন্ন থাকতে হবে। পরিচ্ছন্নতা খুবই জরুরী এবং এর বিকল্প নেই।

এছাড়াও এসময় সমাজ উন্নয়ন কর্মকর্তা খন্দকার জাহিদুল হক, পৌর নির্বাহী কর্মকর্তা জি. এম ওবায়দুল্লাহ, নির্বাহী প্রকৌশলী আব্দুল আজিজ খান, সহকারি প্রকৌশলী আবু হেনা মোস্তফা কালাম, হিসাব রক্ষক কর্মকর্তা আবুল কালাম আজাদ, প্রকল্প অফিসার গুলশান আরা মেরী প্রমুখ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে বিশ্ব হাত ধোয়া দিবস উদযাপন

“স্বাস্থ্য সুরক্ষায় পরিষ্কার হাত সর্বদা গুরুত্বপূর্ণ” এই প্রতিপাদ্যে মেহেরপুরে বিশ্ব হাত ধোয়া দিবস ২০২৪ উদযাপন করা হয়েছে। দিবসটি উপলক্ষে বর্ণাঢ্য র্যালি, হাত ধোয়া প্রদর্শন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

জেলা প্রশাসক ও জেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের যৌথ উদ্যোগে আজ মঙ্গলবার (১৫ অক্টোবর) সকাল সাড়ে ১১ টার দিকে জেলা প্রশাসক কার্যালয় চত্বর থেকে এক বর্ণাঢ্য র্যালি বের করা হয়। র্যালিটি প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে পুনরায় একইস্থানে এসে শেষ হয়।

র্যালি শেষে জনসাধারণ ও পথচারীদের হাত ধোয়াতে উদ্বুদ্ধ করতে হাত ধোয়ার কৌশল প্রদর্শন করা হয়। পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের উপ-পরিচালক মোসলেহ উদ্দিনের সভাপতিত্বে আলোচনা প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।

এ ছাড়াও এসময় পুলিশ পরিদর্শক আবুল আমিল, প্রাথমিক শিক্ষা অফিসার রুহুল আমিন, পৌর ভূমি অফিসার গাজী মহিউদ্দিন, জেলা জনস্বাস্থ্য

প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী মোহাম্মদ মোসলেহ উদ্দিন, সহকারী প্রকৌশলী মোঃ মাহফুজুর রহমান, উপ সহকারী প্রকৌশলী ওয়াহেদ হাসান প্রমূখ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে সিরাতুন্নবী (সাঃ) উদযাপন উপলক্ষে নাতে রাসুল সন্ধ্যা অনুষ্ঠিত

মেহেরপুরে সিরাতুন্নবী (সাঃ) উদযাপন উপলক্ষে নাতে রাসুল সন্ধ্যা অনুষ্ঠিত হয়েছে। উদযাপন উপলক্ষে আজ শুক্রবার সন্ধ্যা ৭ টার দিকে শহীদ শামসুলজোহা পার্কে ইসলামিক গান, কবিতা, গজল পরিবেশন করা হয়।

কানন সাহিত্য সাংস্কৃতিক সংসদ মেহেরপুর ও উপদেষ্টা এবং সাহিত্য সাংস্কৃতিক বিভাগের পরিচালক মোঃ আব্দুল জাব্বারের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ কবিতা, সাধারণ সম্পাদক, রাজশাহী বিশ্ববিদ্যালয়ে প্রফেসর, কবি ও গবেষক ড. মাহফুজুর রহমান আখন্দ।

প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন, বিশিষ্ট ইসলামী চিন্তাবিদ, গবেষক, সমাজসেবক ও কানন সাহিত্য সাংস্কৃতিক সংসদ মেহেরপুর জেলা শাখার উপদেষ্টা তাজউদ্দীন খান।

এসময় শিক্ষা ক্ষেত্রে বিশেষ অবদান রাখায়, কাজী নজরুল শিক্ষা মঞ্জিল, মাধ্যমিক বিদ্যালয় মোহাঃ মোসলেম আলীকে ক্ষীকৃতি স্মারক দেওয়া হয়। একইভাবে একে এম সাইফুল্লাহকে দ্বীন ইসলাম প্রচারে বিশেষ অবদান রাখায় মরনোত্তর পদক এবং সোহেল রানা ডলারকে সমাজসেবায় বিশেষ অবদান রাখায় স্মারক প্রদান করা হয়।

এসময় দর্শকদের মন জয় করে গীতিকার, সুরকার ও শিল্পী সুরসম্রাট মশিউর রহমান,জাতীয় পুরস্কার প্রাপ্ত সাড়া জাগানো শিশু শিল্পীজাহিন ইকবাল, মুজাহিদুল ইসলাম,গীতিকার, সুরকার ও শিল্পী

মাহফুজ মামুন ইসলামিক অনুষ্ঠান পরিবেশন করেন।

মেহেরপুরে পবিত্র ঈদ-ই মিলাদুন্নবী (স.) উদযাপন

মেহেরপুরে জেলা ইসলামিক ফাউন্ডেশনের উদ্যোগে পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সঃ) উদযাপন করা হয়েছে।

এ উপলক্ষে আজ মঙ্গলবার সকালে জেলা মডেল মসজিদ ও ইসলামী সাংস্কৃতিক ইসলামী সাংস্কৃতিক প্রতিযোগীতা, আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

মেহেরপুর ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজুম মূনীরের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্থানীয় সরকার উপ-পরিচালক মোঃ শামীম হোসেন।

আলোচক হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় সিনিয়র শিক্ষক সিরাজ উদ্দিন, রাজনগর দাখিল মাদ্রাসা সহকারী শিক্ষক কাজী রুহুল আমীন। স্বাগত বক্তব্য রাখেন ইসলামীক ফাউন্ডেশনের ফিল্ড সুপারভাইজার মোঃ আমানুল্লাহ।

এসময় জেলা মডেল মসজিদের ইমাম মুফতি মোঃ সাদিকুর রহমান, জেলা ইসলামিক ফাউন্ডেশনের ফিল্ড অফিসার আবু রায়হান, মাস্টার ট্রেইনার মাওঃ মোঃ আঃ হামিদ, ফিল্ড সুপারভাইজার তাওহীদুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গায় জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন উপলক্ষে মতবিনিময় সভা অনুষ্ঠিত

আলমডাঙ্গায় জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন উপলক্ষে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। প্রতিবছরের ন্যায় এ বছরেও আজ মঙ্গলবার ৩০ জুলাই হতে ৫ আগষ্ট জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৪ উদযাপিত হবে। এ উপলক্ষে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

”ভরবো মাছে মোদের দেশ,গড়বো স্মার্ট বাংলাদেশ” এই স্লোগান বাস্তবায়নই এ বছরের মৎস্য সপ্তাহের মূল প্রতিপাদ্য বিষয় সামনে রেখে মৎস্য সপ্তাহ পালিত হবে।

আলমডাঙ্গা উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়ে জাতীয় মৎস্য সপ্তাহ পালনে সাংবাদিকদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আলমডাঙ্গা উপজেলা মৎস্য কর্মকর্তা ফাতেমা কামরুন্নাহার আঁখি জানান,মাইকিং এর মাধ্যমে প্রচারণা, সড়ক র্যালি, উদ্বোধনী অনুষ্ঠান ও আলোচনা সভা, স্থানীয় পর্যায়ে সফল মাছচাষী ব্যক্তি, উদ্যোক্তা, প্রতিষ্ঠানকে মৎস্য পুরস্কার প্রদান, উপজেলার গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানের জলাশয়ে মাছ অবমুক্ত করণ, প্রান্তিক পর্যায়ে মৎস্যচাষী ও মৎসজীবিদের সাথে মতবিনিময়, মৎস্য চাষীদের মাছ চাষ বিষয়ক বিশেষ পরামর্শ সেবা প্রদান, পানির ভৌত রাসায়নিক পরীক্ষা, মৎস্য সেক্টরে বর্তমান সরকারের অগ্রগতি সাফল্য বিষয় নির্মিত প্রামাণ্য চিত্র প্রদর্শন, উন্মুক্ত জলাশয়ে মাছের পোনা ছাড়া, জাতীয় মৎস্য সপ্তাহের মূল্যায়ন ও সমাপনী অনুষ্ঠিত হবে।

মতবিনিময়ে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা মৎস্য কর্মকর্তা ফাতেমা কামরুন্নাহার আঁখি, অফিস সহকারী মোঃ বেলাল হোসেন, ক্ষেত্র সহকারী এন এ টি পি মোঃ হাবিবুর রহমান, লিফ মোঃ মারুফুল বিশ্বাস অরুপ, আলমডাঙ্গা প্রেস ক্লাবের সভাপতি খোন্দকার শাহ আলম মন্টু, সহ সভাপতি খোন্দকার জামসিদুল হক মুনি, সাধারণ সম্পাদক খোন্দকার হামিদুল ইসলাম আজম, যুগ্ম সাধারণ সম্পাদক তানভীর সোহেল,সহ সাংগঠনিক সম্পাদক মোঃ বশিরুল আলম ও ক্রীড়া সম্পাদক গোলাম সরওয়ার সদু প্রমূখ

চুয়াডাঙ্গায় বিশ্ব পরিবেশ দিবস উদযাপন উপলক্ষে আলোচনা সভা

“করবো ভুমি পুনরুদ্ধার, রুখবো মরুময়তা, অর্জন করতে হবে মোদের খরা সহনশীলতা” এই প্রতিপাদ্য বিষয়টিকে ধারণ করে চুয়াডাঙ্গায় বিশ্ব পরিবেশ দিবস-২০২৪ উদযাপন উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের আয়োজনে গতকাল বুধবার সকাল ১১ টায় চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গার অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) নাজমুল হামিদ রেজার সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, বৈশ্বিক জলবায়ুর ক্ষতিকর প্রভাব ও উষ্ণতার বিরুপ প্রভাব মোকাবেলায় এবং আগামী প্রজন্মের জন্য পরিবেশ বান্ধব বিশ্ব গড়তে প্রত্যেককে গাছ লাগানো ও পরিচর্যাসহ পরিবেশের ক্ষতিকারক কাজ রোধে নিরলস পদক্ষেপ নিতে হবে।

আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন চুয়াডাঙ্গার পুলিশ সুপার আরএম ফয়জুর রহমান, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট কবীর হোসেন প্রমুখ।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের সহকারী কমিশনার আব্দুর রহমানের সঞ্চালনায় অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথিদের মধ্যে বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা বন বিভাগের ভারপ্রাপ্ত কর্মকর্তা রাকিব উদ্দিন, দৈনিক পশ্চিমাঞ্চল পত্রিকার সম্পাদক ও প্রকাশক আজাদ মালিতা, ওয়েভ ফাউন্ডেশনের প্রোগ্রাম অফিসার কানিজ সুলতানা, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক বিপুল আশরাফ।

শিক্ষার্থীদের মধ্যে বক্তব্য রাখে, চুয়াডাঙ্গা পৌর ডিগ্রি কলেজের শিক্ষার্থী সাদমাম আশরাফ, চুয়াডাঙ্গা ভিক্টোরিয়া জুবিলি

সরকারি উচ্চ বিদ্যালয়ের ৯ম শ্রেণির শিক্ষার্থী কে.এম সালমান কবীর।

আলোচনা সভায় অন্যান্য বক্তারা বৈশ্বিক পরিবেশ বিপর্যয় রোধে গাছ লাগানোসহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের আহ্বান জানিয়ে আলোচনা করেন।

আলোচনা সভা শেষে পরিবেশ দিবসের উপর স্কুল ও কলেজ পর্যায়ের শিক্ষার্থীদের অংশগ্রহণে রচনা প্রতিযোগিতার বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয় এবং প্রত্যককে একটি করে ফলোজ ও ঔষধি গাছের চারা উপহার দেয়া হয়।

এসময় আরও উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা সিভিল সার্জনের প্রতিনিধি ডা. শামীমা ইয়াসমিন, জেলা প্রশাসনের নেজারত ডেপুটি কালেক্টর সাইফুল ইসলাম সাইফ, অন্যান্য কর্মকর্তাবৃন্দসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থী ও এনজিও প্রতিনিধিবৃন্দ।